ভ্যাট দিব জনে জনে
অংশ নিব উন্নয়নে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী
বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট
উপশহর, রাজশাহী।
**www.cevrajshahi.gov.bd**

অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য
ভিজিট করুন: www.vat.gov.bd

নথি নং-৪/রাজ. কমি./মূসক/০২/আমান জুট/টিডিএস/২০২৫/২১১০ তারিখঃ ২৭/০৮/২০২৫ খ্রি.।

## আদেশ

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী ''আমান জুট ফাইব্রাস লিমিটেড, ৮১, শিরোইল, ২৭ নং ওয়ার্ড, ঘোড়ামারা, পবা, রাজশাহী'' (মূসক নিবন্ধন নম্বর-০০০২৩৬০১-১১০১) নামীয় শতভাগ সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান হিসেবে উপর্যুক্ত এস.আর.ও এর অনুচ্ছেদ-(খ) এর টেবিল-০২ এ বর্ণিত বিদ্যুৎ বিলের উপর প্রদেয় মূল্য সংযোজন কর (মূসক) হইতে প্রযোজ্য হারে মূসক অব্যাহতি প্রদানের জন্য আবেদন করেন। উক্ত আবেদনটি পর্যালোচনাপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, রাজশাহী দপ্তরকে দায়িত্ব প্রদান করা হয়।

তৎপ্রেক্ষিতে তার দপ্তরের নথি নং-৪-এ(১)৪/ভ্যাট/বিবিধ/অংশ-৩/২০১১/২০২০/৪৪২; তারিখ: ১৮/০৮/২০২৫ খ্রি. মূলে এ দপ্তরে একটি প্রতিবেদন প্রেরণ করা হয়। উক্ত প্রতিবেদন অনুযায়ী, আলোচ্য প্রতিষ্ঠানটির রপ্তানিতব্য পণ্য উৎপাদনে ব্যবহৃত গ্যাস মিটার নং-৩৪০৪৪৬৪৪৪৭ এবং বৈদ্যুতিক মিটার নং-১৫৬৪৮৮৯১ এর ক্ষেত্রে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এসআরও নং-১৮৮/আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/১৬/২০১৯ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯; তারিখ ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী যথাযথ নিয়ম ও শর্ত পূরণ করা হয়েছে বিধায় উল্লিখিত গ্যাস মিটার নং-৩৪০৪৪৬৪৪৪৭ এবং বৈদ্যুতিক মিটার নং-১৫৬৪৮৮৯১ এর বিলের উপর ১০০% (শতভাগ) মূসক অব্যাহতি সুবিধা প্রদান করা যেতে পারে মর্মে সুপারিশ করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, আলোচ্য প্রতিষ্ঠানের ২৮/০১/২০২৫ খ্রি. তারিখের আবেদন বিবেচনায় নিয়ে নিম্নবর্ণিত টেবিলের ২ নং কলামে বর্ণিত খাতের জন্য ৩ নং কলামে বর্ণিত পণ্য ও সেবার কোডের ক্ষেত্রে ৪ নং কলামে উল্লিখিত গ্যাস মিটার নং-৩৪০৪৪৬৪৪৪৭ এবং বৈদ্যুতিক মিটার নং-১৫৬৪৮৮৯১ এর অনুকূলে ফেব্রুয়ারি/২০২৫ খ্রি. মাস হতে পরবর্তী সময়ের গ্যাস ও বিদ্যুৎ বিলের উপর উক্ত টেবিলের ৫ নং কলামে উল্লিখিত হারে মূল্য সংযোজন কর (মূসক) হতে অব্যাহতির আদেশ প্রদান করা হলো।

টেবিল

| ক্র: নং | খাত | সেবার কোড | মিটার নম্বর | মূল্য সংযোজন কর অব্যাহতির হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | প্রাকৃতিক গ্যাস | ২৭১১.২১.০০ | গ্যাস মিটার নং-৩৪০৪৪৬৪৪৪৭ | ১০০% (একশত শতাংশ) |
| ২. | বিদ্যুৎ বিতরণকারী | S০৫৭.০০ | বৈদ্যুতিক মিটার নং- ১৫৬৪৮৮৯১ | ১০০% (একশত শতাংশ) |

শর্তসমূহ : (ক) মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. পরিশিষ্ট-ক এ বর্ণিত ছক মোতাবেক বৈদেশিক মুদ্রা প্রত্যাবসনের প্রমাণপত্র [Proceeds Realization Certificate (PRC)] সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

(খ) রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. পরিশিষ্ট-খ এ বর্ণিত ছক মোতাবেক মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে; এবং

(গ) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে উক্ত অসামঞ্জস্যতা বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।



CamScanner

০৩। এ আদেশ ফেব্রুয়ারি/২০২৫ খ্রি. মাসের গ্যাস ও বিদ্যুৎ বিল হতে কার্যকর হবে এবং এবং ৩০ জুন ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

27.08.2025

(মোঃ হেদায়েতুল ইসলাম)
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে
ফোন : ০২৫৮৮৮০১১০৫
E-mail: cevraj93@yahoo.com

O/C

29/08/25

প্রাপক: স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক
আমান জুট ফাইব্রাস লিমিটেড,
৮১, শিরোইল, ২৭ নং ওয়ার্ড,
ঘোড়ামারা, পবা, রাজশাহী।

নথি নং-৪/রাজ. কমি./মূসক/০২/আমান জুট/টিভিএস/২০২৫/2220

তারিখঃ 29/08/২০২৫ খ্রি.।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২ তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
০২। দ্বিতীয় সচিব (মূসক পরি: ও প্রত্যর্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাওঁ, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., পেট্রোসেন্টার, লেভেল ১৩, পেট্রোসেন্টার, কাওরান বাজার, ঢাকা।
০৪। জেনারেল ম্যানেজার (হিসাব ও অর্থ)/ডেপুটি জেনারেল ম্যানেজার (হিসাব)/ডেপুটি জেনারেল ম্যানেজার (রাজস্ব)/ব্যবস্থাপক (অপারেশন)/উপ ব্যবস্থাপক (রাজস্ব), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, পিজিসিএল কমপ্লেক্স, নওদাপাড়া, বিমান বন্দর সড়ক, রাজশাহী।
০৫। নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, নওহাটা, পবা, রাজশাহী।
০৬। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, রাজশাহী।
[তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ : ২৬/০৯/২০১৯ খ্রি: এর অনুচ্ছেদ নং-৫ মোতাবেক মূসক অব্যাহতি সুবিধাভোগী আলোচ্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা প্রত্যাবসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে উক্ত অসামঞ্জস্যতার বিষয়ে আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
০৮। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেল-১, রাজশাহী।
[তাঁকে উক্ত সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. পরিশিষ্ট-খ এ বর্ণিত ছক মোতাবেক যথাসময়ে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।]

27-08-2025

(মোঃ হেদায়েতুল ইসলাম)
সহকারী কমিশনার

O/C

29/08/25



CamScanner